

# KANSAI HELIOS GROUP-

## স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণ নীতি

KANSAI HELIOS Group এ, সকল মানুষের জন্য স্বাস্থ্য এবং কল্যাণ শুধুমাত্র অঙ্গীকার নয় এটি একটি আমাদের অটল প্রতিশ্রুতি। এই নীতি

আমাদের একটি ঝুঁকিমুক্ত কর্মস্থল তৈরি করার, যত্নশীল সংস্কৃতি লালন করা এবং নিয়ম নীতি মেনে চলার ক্ষেত্রে পথপ্রদর্শক হিসেবে কাজ করবে।

### নেতৃত্বের অঙ্গীকার:

- নিরাপত্তা আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার, যা প্রতিটি সিদ্ধান্তের সাথে গভীরভাবে জড়িত।
- আমাদের ব্যবস্থাপকরা উদাহরণস্বরূপ নেতৃত্ব দেন, নিশ্চিত করেন যে নিরাপত্তা সর্বদা প্রধান বিবেচ্য বিষয়।
- আমরা সক্রিয়ভাবে ঝুঁকি চিহ্নিত করে হ্রাস করি যাতে সকলের জন্য একটি নিরাপদ পরিবেশ তৈরি হয়।
- আমরা নিরাপত্তা নিয়ম বা বিধিনিষেধ লঙ্ঘনের ক্ষেত্রে পরিণতি ব্যবস্থাপনা প্রয়োগ করব, যাতে জবাবদিহিতা নিশ্চিত হয়। একই সঙ্গে সহায়তা ও নির্দেশনার মাধ্যমে আমাদের প্রতিষ্ঠানে নিরাপত্তা সংস্কৃতি গড়ে তোলার উপর জোর দেওয়া হবে।

### উদ্দেশ্য:

- আমাদের চূড়ান্ত লক্ষ্য: কর্মস্থলে আঘাতের হার শূন্য করা। হারানো সময় আঘাত ফ্রিকোয়েন্সি হার (LTIF) কে ১.৫ বা তার কম রাখা এবং ঝুঁকিমুক্ত পরিবেশ নিশ্চিত করা।

### কর্মীদের অংশগ্রহণ:

- আমরা আমাদের কর্মীদের নিরাপত্তা উদ্যোগে সক্ষম করি যাতে তাদের মধ্যে দায়িত্ববোধ তৈরি হয়।
- নিয়মিত মতামত বিনিময় প্রক্রিয়ার মাধ্যমে নিশ্চিত করা যে প্রত্যেকে একটি নিরাপদ কর্মস্থল তৈরিতে ভূমিকা পালন করতে পারে।

### ঝুঁকি সনাক্তকরণ এবং এর মূল্যায়ন:

- ঝুঁকি সনাক্তকরণ এর মাধ্যমে প্রাক সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা ও কর্মস্থলে কর্মীদের নিরাপত্তা কে সর্বাধিকার দেওয়া।

### সঠিকভাবে আইনগত পরিপালন করা:

- যে কোন রকম আপোষ ছাড়াই আমরা কঠোরভাবে পেশাগত স্বাস্থ্য এবং নিরাপত্তা আইন মেনে চলি।
- নিয়মিত অডিটের মাধ্যমে একটি নিরাপদ কর্মপরিবেশ বজায় রাখার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

### জরুরি পরিস্থিতির মোকাবিলার প্রস্তুতি:

- নির্দিষ্ট পরিকল্পনা এবং নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে যেকোনো পরিস্থিতির মোকাবিলা করতে সর্বদা প্রস্তুত এবং সতর্ক থাকা।

### সামগ্রিক কল্যাণ:

- কর্মীদের সামগ্রিক কল্যাণের জন্য আমরা তাদের শারীরিক স্বাস্থ্য, মানসিক স্থিতিশীলতা এবং কর্মজীবন ও ব্যক্তিজীবনের ভারসাম্য জন্য উৎসাহিত করি।
- আমাদের প্রতিশ্রুতি কেবল নিরাপত্তার মধ্যে সীমাবদ্ধ থাকা নয় বরং কর্মীদের সামগ্রিক সুস্থতা কেউ অন্তর্ভুক্ত করা।

### ধারাবাহিক উন্নয়ন:

- নিয়মিত আলোচনা এবং পর্যালোচনার মাধ্যমে আমাদের কাজের প্রক্রিয়াগুলোর উন্নয়ন নিশ্চিত করা।
- আমরা নিরাপত্তা সর্বোচ্চ মান পূরণ করার জন্য দৃঢ় প্রতিজ্ঞ।

### যোগাযোগ এবং প্রশিক্ষণ:

- সকল স্তরে নিরাপত্তা সচেতনতা এবং দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে সবার মধ্যে নিরন্তর যোগাযোগ এবং লক্ষ্যভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা।

### কর্মদক্ষতা পরিমাপ:

- আমরা নিরাপত্তা সূচকগুলিকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করি, যাতে একটি নিরাপদ কর্মপরিবেশ বজায় রাখার ক্ষেত্রে জবাবদিহিতা এবং সম্মিলিত দায়িত্ববোধ গড়ে ওঠে।

### প্রচার:

- এটি ইন্টারনেট এবং বিজ্ঞপ্তির মাধ্যমে আমাদের প্রত্যেক অংশীদারের কাছে উপলব্ধ। এই নীতি আমাদের নিরাপত্তা এবং কল্যাণের সংস্কৃতিকে আরো শক্তিশালী করবে।

### পর্যালোচনা:

- পর্যায়ক্রমিক পর্যালোচনা এই নীতির ধারাবাহিক কার্যক্ষমতা, আইনগত পরিবর্তন, ঘটনা এবং পেশাগত স্বাস্থ্য নিরাপত্তার কর্মক্ষমতা কে নিশ্চিত করে।

**Bastian Krauss,**

President &

Chief Executive Officer